আমার বক্তব্য খন্ডিতভাবে উপস্থাপন করা হয়েছে–আব্দুল মান্নান

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আচরণবিধি ভঙ্গের অভিযোগে করা শোকজের উত্তর দিয়েছেন মেহেরপুর-১ সংসদীয় আসনের স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান।

তিনি প্রতিনিধি পাঠিয়ে এ জবাব দেন। এতে বলা হয়, তিনি আচরণবিধি ভঙ্গ করেননি। তার বক্তব্য খন্ডিতভাবে উপস্থাপন করে অভিযোগ করা হয়েছে।আর যিনি অভিযোগ করেছেন তিনি প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পক্ষে কাজ করছেন।

আজ শনিবার (১৬ ডিসেম্বর) বিকালে মেহেরপুর-১ সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং মেহেরপুর যুগ্ম জেলা ও দায়রা জজ আদালত-২-এর বিচারক এইচ এম কবির হোসেনের খাস কামরায় শোকজের উত্তর দেন প্রফেসর আব্দুল মান্নানের মনোনীত প্রতিনিধিরা। এ সময় প্রার্থীর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি হিসেবে অ্যাডভোকেট মিয়াজান আলী এবং আইনজীবী হিসেবে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ হারুন বিন জুয়েল উপস্থিত ছিলেন।

অভিযোগের উত্তরে আব্দুল মান্নান আরও বলেছেন, আমি কোন জনসভা করি নাই। আমি আগে ৩ বার নির্বাচন করে দুইবারই সংসদ সদস্য নির্বাচিত হয়েছি। আমার বাড়ি ঐ ইউনিয়নে হাওয়াতে গত ১ ডিসেম্বর ঢাকা থেকে আসার পথে আমি সিরাজ মেম্বরের দোকানের সামনে জনগণের সাথে শুভেচ্ছা বিনিময় করি। এ সময় আমি বিএনপি-জামায়াতের হরতাল অবরোধের সমালোচনা করেছি। তাদের উদ্দেশ্যে করে বলেছি, যারা ভোট চোর তারা এবার নির্বাচনের অংশগ্রহণ করছে না। কোন ভোট চোর নির্বাচনে জিততে পারবে না বুঝতে পেরে এবার তারা ভোট করছে না। প্রধানমন্ত্রী চান অংশগ্রহণমূলক নির্বাচন এজন্যই আমি এই নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হয়েছি।

ইতোপূর্বে গত ১০ ডিসেম্বর বুধবার মেহেরপুরের সংসদীয়-১ আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এইচ এম কবির হোসেন এ শোকজ করেন।

শোকজ নোটিশে বলা হয়েছিলো, আপনি মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর উপজেলা) আসন থেকে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের একজন স্বতন্ত্র সংসদ সদস্য পদপ্রার্থী। বাংলাদেশ আওয়ামী লীগ মেহেরপুর জেলা শাখার যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এসএম ইব্রাহিম শাহীন মেহেরপুর-১ আসনের নির্বাচন অনুসন্ধান কমিটিতে লিখিত অভিযোগ করেছেন, সংসদ সদস্য পদপ্রার্থী হয়েও আপনি গত শুক্রবার (১ ডিসেম্বর) আমঝুপি বাজারে সিরাজ মেম্বারের সারের দোকানের সামনে নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করে বক্তব্য প্রদান করেছেন। আপনি বক্তব্য প্রদানকালে আপনার প্রতিদ্বন্দ্বী ও আওয়ামী লীগের মনোনীত প্রার্থীকে ভোটচোর বলেও আখ্যায়িত করেছেন।

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (১৬ ডিসেম্বর) সন্ধ্যা ৭ টার সময় জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ সাংস্কৃতিক অনুষ্ঠানে আয়োজন করা হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন। এসময় স্থানীয় সরকার বিভাগের উপ পরিচালক মোঃ শামীম হোসেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর আহমেদ রুমন,লিউজা-উল জান্নাহ,টিটিসি’র অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার,জেলা শিল্পকলা একাডেমী সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ-সভাপতি নুরুল আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমী শিল্পীবৃন্দ সঙ্গীত,নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে অতিথি ও দর্শকদের মন জয় করে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় ২ জন আহত

মুজিবনগর-মেহেরপুর প্রধান সড়কে বাইসাইকেল ও মোটরসাইকেলের মুখোমুখী সংঘর্ষে মোটরসাইকেল চালক ও বাইকে বাইসাইকেল চালকক আহত হয়েছে।

আজ শনিবার ১৬ই ডিসেম্বর বিকেল সাড়ে চারটার সময় এই দুর্ঘটনা ঘটে। মোটরসাইকেল চালক মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের বিষ্ণু মন্ডল এর ছেলে প্রিন্স মন্ডল(১৯) এবং বাইসাইকেল চালক ভবরপাড়া গ্রামের মৃত রহমান দফাদারের ছেলে পাঁচু দফাদার(৬০)।

ঘটনা সূত্রে জানা যায়,ভবর পাড়ার পাঁচু দফাদার বাইসাইকেল নিয়ে কেদারগঞ্জ বাজার থেকে বাড়ির উদ্দেশ্যে যাচ্ছিলেন। এ সময় তিনি মুজিবনগর থানা সড়কের কাছাকাছি মানিকনগর গ্রামের নিকট পৌঁছালে পিছনদিক থেকে আশা একটি দ্রুতগতির মোটরসাইকেল তাকে ধাক্কা দেয়। এতে বাইসাইকেল চালক পাঁচু দফাদার সহ মোটরসাইকেল চালক প্রিন্স মন্ডল রাস্তার পাশে ছিটকে পড়ে গুরুতর আহত হয়।

স্থানীয়রা আহতদেরকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক বাইসাইকেল চালক পাঁচু দফাদারের অবস্থা বেগতিক দেখে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে রেফার্ড করেন এবং মোটরসাইকেল চালক প্রিন্স মন্ডলের অবস্থা গুরুতর না হওয়ায় তাকে স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেন।

এই বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জল কুমার দত্ত জানান, বাইসাইকেল ও মোটরসাইকেলের দুর্ঘটনার বিষয়ে আমরা অবগত আছি। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে আইনি প্রক্রিয়া চলমান এবং দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি জব্দ করা হয়েছে।

কাথুলী ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের উদ্দ্যেশে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্নয়

মহান বিজয় দিবস উপলক্ষে কাথুলী ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের গাংনীর নওপাড়াতে বিনামূল্যে ২০০ জনের গ্রুপ নির্নয় করা হয়েছে। গতকাল শনিবার সকাল থেকে দিনব্যাপি এই গ্রুপ নির্নয় চলমান রেখেছিলেন।

কাথুলী ব্লাড ফাউন্ডেশন (কইঋ)’ একটি স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন। ‘কাথুলী ব্লাড ফাউন্ডেশন’ ‘এরভঃ ষরভব, মরাব নষড়ড়ফ’ এ শ্লোগান নিয়ে ১লা জানুয়ারী, ২০২৩ তারিখ স্বেচ্ছায় রক্তদানকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করার প্রত্যয় নিয়ে -এর শুভ সূচনা ।

ইতিমধ্যে সামাজিক এই সংগঠন নিজ গ্রাম ইউনিয়ন নিয়ে কার্ক্রম শুরু করলেও বর্তমানে সাড়া ফেলেছে দেশের গুরুত্বপূর্ন কয়েকটি জোনে। কাথুলী ব্লাড ফাউন্ডেশন’ মেহেরপুর, কুষ্টিয়া, রাজশাহী ও ঢাকা জোনকে সহায়তা করার জন্য নিয়মিত রক্তদাতা সংগ্রহ, বিনামূল্যে রক্তের গ্রুপিং প্রোগ্রাম, সমাবেশ, কর্মশালার আয়োজন ও রক্তদাতাদের সম্মান জানানোর পাশাপাশি নতুনদের রক্তদানে অনুপ্রাণিত করার জন্য কাজ করে চলেছেন।

এ বিষয়ে কাথুলী ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের সভাপতি বাশারুল ইসলাম জানান আমরা সেই দিনের স্বপ্ন দেখি যেদিন বাংলাদেশের প্রতিটি মানুষ তাদের রক্তের গ্রুপ জানতে পারবে এবং স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে আসবে।
“রক্ত দান করলে কোন ক্ষতি হয় না”আসুন চার মাস মেয়াদে রক্তদান করি। ‘আমরা কাথুলী ব্লাড ফাউন্ডেশনের উদ্যোগে যে ধরনের কার্যক্রম সমূহ চলমান রেখেছি তা হলো, ‘কাথুলী ব্লাড ফাউন্ডেশন’
- এর স্বেচ্ছাসেবকরা মেহেরপুর জেলার গ্রাম গুলোতে রক্তদানের উপকারিতা ও রক্তের গুরুত্ব মানুষের মাঝে তুলে ধরার জন্য বিভিন্ন ধরনের ক্যাম্পেইন ও ভিডিও প্রদর্শনী করে থাকে।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় ও ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে সেখানে ২০০ জন

বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় সেবা গ্রহণ করে।

এমন গুরুত্বপূর্ণ দিবসে আমরা কার্যক্রম পরিচালনা করি। ‘কাথুলী ব্লাড ফাউন্ডেশন’ এখন পর্যন্ত ৪০০ জন মুমূর্ষ রোগীর প্রাণ বাচাতে স্বেচ্ছায় রক্তদান করেছে।

তবে এই মানবিক কাজ যে মানুষগুলো দিনরাত শ্রম দিয়ে চলমান রেখেছে তাদের মধ্যে অন্যতম প্রতিষ্ঠাতা ও পরিচালক মোঃ নাছিম আহমেদ, সভাপতি মোঃ বাশারুল ইসলাম,সহ-সভাপতি মোঃ মিঠন রানা,সাধারণ সম্পাদক মোঃ সাজ্জাদ হোসেন (সাজু),যুগ্ন সাধারণ সম্পাদক মোঃ তুহিন রানা,যুগ্ন সাধারণ সম্পাদক মোছাঃ সোনিয়া খাতুন, যুগ্ন সাধারণ সম্পাদক মোছাঃ ফারজানা দীপা, সাংগঠনিক সম্পাদক মোঃ ইসমাইল হোসেন, সাংগঠনিক সম্পাদক মোঃ মফিজুল ইসলাম সাংগঠনিক সম্পাদক মোছাঃ সাদিয়া ইসলাম, সাংগঠনিক সম্পাদক ফারিহা মুসতাকি রিয়া, অর্থসম্পাদক মোঃ আকাশ আহাম্মেদ, দপ্তর সম্পাদক আবদুল্লাহ আল মামুন, উপ-দপ্তর সম্পাদক মোঃ মেনন আলী, প্রচার সম্পাদক মোঃ রায়হান আলী, উপ-প্রচার সম্পাদক মোঃ সোহরাব আলী, স্বাস্থ্য সেবা বিষয়ক সম্পাদক মোছাঃ ইভা খাতুন, উপ স্বাস্থ্য সেবা বিষয়ক সম্পাদক মোছাঃ তাসমিনা খাতুন, সমাজসেবা বিষয়ক সম্পাদক মোছাঃ মোহনা খাতুন, সমাজসেবা বিষয়ক সম্পাদক মোঃ ফয়সাল হোসেন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মোছাঃ চম্পা খাতুন,তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক তায়েবা উর্মি সহ আরো অনেক সদস্যবৃন্দ।

কাথুলী ব্লাড ফাউন্ডেশন -এর স্বেচ্ছাসেবীরা সুধুমাত্র ব্লাড সংগ্রহের কাজ করেই থেমে নেই পাশাপাশি তারা নিজ এলাকাতে নানা ধরণের সামাজিক কার্যক্রম পরিচালনা করে। এবং বিভিন্ন সমস্যা খুজে বের করে ও বিত্তবান সহ জনপ্রতিনিধিদের সাথে সহযোগিতা নিয়ে সামাজিক অতিদরিদ্র ব্যাক্তিদের তার সমাধান করে থাকে। তারই পরিপ্রেক্ষিতে মেহেরপুর জেলার কিছু তরুন-তরুনী সম্মিলিত ভাবে মুমূর্ষ রোগীর জীবন বাচাতে যে রক্তের প্রয়োজন তার যোগান দিবে তারাই । এই লক্ষ নিয়ে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগী স্বেচ্ছাসেবী সংগঠন ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের একাংশ কাথুলী ইয়ুথ লিডাররা একটি অনলাইন প্লাটফর্ম তৈরী করে থাকে।যার মাধ্যমে ‘কাথুলী ব্লাড ফাউন্ডেশন’।বর্তমানে কাথুলী ব্লাড ফাউন্ডেশন -এর ১৫০০ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদানের জন্য সার্বক্ষনিক প্রস্তুত রয়েছে।

কোন অসহায় মানুষ যেন রক্তের অভাবে মৃত্যু না হয় সেই লক্ষ্য

তাদের কার্যক্রম চলমান প্রক্রিয়া থাকবে।

গাংনী উপজেলা আওয়ামীলীগের বিজয় দিবস উদযাপন

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে বিজয় দিবস উদযাপন উপলক্ষে নানা কর্মসুচী পালিত হয়েছে। আজ শনিবার(১৬ ডিসেম্বর) সকাল ৮টার সময় গাংনী বাজার বাসস্ট্যান্ডের শহীদ রেজাউল চত্বরে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলনের মাধ্য দিয়ে কর্মসুচির শুরু করে উপজেলা আওয়ামীলীগ।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মো‏হাম্মদ সাহিদুজ্জামান খোকনের নেতৃত্বে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন শেষে একটি বিশাল বিজয় র্যালী শহীদ রেজাউল চত্বর থেকে বের হয়ে শহরের গুরুত্বপুর্ণ সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে শহীদদেও স্মরনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ও সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ অনেকে।

এসময় গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ যুবলীগ,ছাত্রলীগ,কৃষকলীগসহ অংগ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা প্রশাসনের

উদ্যোগে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান

গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগে বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা,মুক্তিযোদ্ধা পরিবারকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। আজ শনিবার বেলা সাড়ে ১১টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্বরে জাতীর বীর সন্তানদের সংবর্ধনা দেয়া হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা’র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন,গাংনী পৌর মেয়র আহমেদ আলী, গাংনী উপজেলা ভুমি কর্মকর্তা ও সহকারি কমিশনার(ভুমি) নাদির হোসেনে শামীম,সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার আমিরুল ইসলাম ও মুন্তাজ আলী। গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মাহাবুবুল হক মন্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা মোঃ অরশাদ আলী,গাংনী থানার ওসি(তদন্ত) মনোজিৎ কুমার নন্দী।

অনুষ্ঠানে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে সম¥◌ুখ সমরে যুদ্ধে ঝাঁপিয়ে পড়া বীর মুক্তিযোদ্ধা,শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আগত বীর মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যদের ফুল দিয়ে সংবর্ধনা দেয়া হয়।

মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায়

মহান বিজয় দিবস পালিত

১৬ ই ডিসেম্বর বাঙালি জাতির মুক্তির দিন বিজয়ের দিন মহান বিজয় দিবস।। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আহবানে সাড়া দিয়ে সমগ্র বাঙালী জাতি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন এবং দীর্ঘ ৯ মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগ এবং অসীম বীরত্ব প্রদর্শন করে মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহিদ ও আত্মোৎসর্গকারী এবং অগণিত নির্যাতিতা মা-বোনদের সম্ভ্রমের বিনিময়ে বাঙালি জাতি মহান বিজয় অর্জন করেন।

মুজিবনগরে দিবসটি যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু, সুন্দর ও জাঁকজমকপূর্ণ উৎসবমূখর পরিবেশে উদযাপন করা হয়েছে।শনিবার ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে মুজিবনগর স্মৃতিসৌধে সূর্যোদয়ের সাথে সাথে একত্রিশ (৩১) বার তোপধ্বনির মাধ্যমে দিবসটির শুভসূচনা করা হয়।পরে
মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ স্মৃতিসৌধের জাতীয় পতাকা উত্তোলন মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি সম্মান জানিয়ে এক মিনিট নীরবতা পালন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পমাল্য করে শ্রদ্ধা নিবেদন করা হয়।

মহান বিজয় দিবস উপলক্ষে স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্তক দর্পণ করেন, মুজিবনগর উপজেলা পরিষদের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার আজগর আলী, উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্ত সহ উপজেলার কর্মকর্তাবৃন্দ পরে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্তের নেতৃত্বে মুজিবনগর থানা, বীর মুক্তিযোদ্ধা বৃন্দ, বাংলাদেশ আওয়ামীলীগ মুজিবনগর উপজেলা শাখা সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদের নেতৃত্বে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ, টুরিস্ট পুলিশ, বাংলাদেশ আনসার ভিডিপি,উপজেলা ফায়ার ব্রিগেডে সিভিল ডিফেন্স,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মোনাখালি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকন কমান্ডার বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু।

উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিনের নেতৃত্বে উপজেলা স্বেচ্ছাসেবক লীগ। সহ বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠন পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে মুজিবনগর উপজেলা পরিষদ চত্বরে মুজিবনগর নির্বাহী অফিসার আজগর আলী মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস মুজিবনগর থানা অফিসার ইনচার্জ ওসি উজ্জ্বল দত্ত জাতীয় সঙ্গীতের তালে তালে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন পরে বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, সিভিল ডিফেন্স, বিএনসিসি, আনসার ও ভিডিপি, বাংলাদেশ স্কাউটস, রোভার স্কাউটস, কাব, গার্লস গাইড, স্কুল কলেজের ছাত্র-ছাত্রীরা কুচকাওয়াজ প্রদর্শন করেন।

কুচকাওয়াজ শেষে ফুলের ছাত্র-ছাত্রীদের মনোমুগ্ধকর ডিসপ্লে প্রদর্শন অনুষ্ঠিত হয় শেষে পুরস্কার বিতরণী এবং বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা এবং ‘জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার’ শীর্ষক আলোচনা জাতির শান্তি, অগ্রগতি এবং মুক্তিযুদ্ধে শহিদদের আত্মার শান্তি কামনায় মসজিদে দোয়া এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে প্রার্থনা উপজেলার সকল এতিমখানা ও হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন।

প্রীতি ফুটবল ম্যাচ, সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শেষ হয়ে বাঙালি জাতির বিজয়ের দিন মুক্তির দিন ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন।

মেহেরপুর হাসপাতালে বাড়ছে শীতজনিত রোগীর চাপ, একজনের

মৃত্যু

আজ শনিবার সকাল ৯ টায় মেহেরপুরের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২ ডিগ্রি সেলসিয়াস। শুক্রবার একই সময়ে ছিলো ১০.৬ ডিগ্রি সেলসিয়াস। ঘন কুঁয়াশা আর মৃদু শৈত্য প্রবাহের কারনে মেহেরপুর জেলায় শীতের প্রকোপ দিন দিন বাড়ছে। তীব্র শীতের কারনে মানুষের স্বাভাবিক জীবন যাত্রা কিছুটা বির্পযস্ত হচ্ছে। পাশাপাশি শিশু এবং বয়স্ক মানুষ শীতজনিত নানা রোগে আক্রান্ত হচ্ছে। এতে মেহেরপুর জেনারেল হাসপাতালসহ জেলার বিভিন্ন হাসপাতাল ও ক্লিনিক গুলোতে বাড়ছে শীত জনিত রোগীর চাপ।

সরজমিনে মেহেরপুর জেনারেল হাসপাতালে যেয়ে দেখা গেছে, অ্যাজমা, নিউমোনিয়া, ডায়রিয়া, অ্যালার্জি, সর্দি-কাশিসহ শীতজনিত নানা রোগে মানুষ চিকিৎসা নিচ্ছে সেখানে। বিশেষ করে শিশু ও বয়স্ক রোগীর চাপে হিমশিম খাচ্ছেন চিকিৎসকরা। গতকাল শুক্রবার দিবাগত রাত দুইটায় দেখা গেছে, শিশু ওয়ার্ডে ৫ নবজাতকের পাশাপাশি ৬২ শিশু চিকিৎসাধীন রয়েছে। এদের প্রায় সকলেই শ্বাসকষ্ট, নিউমোনিয়া ও ডায়রিয়ায় ভুগছে।

এছাড়াও থ্যালাসেমিয়া আক্রান্ত এক শিশু সেখানে চিকিৎসাধীন রয়েছে। মহিলা ওয়ার্ডে ৬৩ জন চিকিৎসাধীন রোগীর মধ্যে ৪০ জনই শীত জনিত নানা রোগের কারণে চিকিৎসাধীন।পুরুষ ওয়ার্ডে ৬৬ জন নানা রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছেন, পাশাপাশি নতুন রোগী ভর্তি হয়েছেন ১৭ জন। ডায়রিয়া ওয়ার্ডে ১৭ জন চিকিৎসাধীন, এদের মধ্যে শিশু ১২, মহিলা ৪ ও পুরুষ ১ জন।

এছাড়াও হাসপাতালের এইচ ডি ইউ তে ৪ জন ডেঙ্গু রোগী চিকিৎসাধীন রয়েছেন। আইসিইউতে বর্তমানে ৩ জন ডেঙ্গু ও নিউমোনিয়ার রোগী রয়েছেন। গত ২৪ ঘন্টায় আইসিইউ তে চিকিৎসাধীন ১ জন রোগী মারা গেছেন।

হাসপাতালে কর্তব্যরত ইমারজেন্সি মেডিকেল অফিসার (ইএমও) ডা. মনজুরুল আহসান বলেন, ‘আজ মেহেরপুর জেনারেল হাসপাতালের ইমারজেন্সি বিভাগে মোট ১৫১ জন রোগী চিকিৎসা নিয়ে গেছেন। এদের মধ্যে ৬০ জন এসেছিলেন ঠান্ডা জনিত নানা রোগের উপসর্গ নিয়ে।’

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জামির মোঃ হাসিবুস সাত্তার মেহেরপুর প্রতিদিনকে বলেন, ‘ বর্তমানে এখানে

ভর্তি রয়েছেন ২৩৭ জন রোগী। অন্যান্য রোগীর চাপ কম থাকলেও ক্রমান্বয়ে ঠান্ডা, কাশি, জ্বর, শ্বাসকষ্ট ও ডাইরিয়ার রোগী বাড়ছে। ২৫০ সয্যা মেহেরপুর জেনারেল হাসপাতালে মূলত লোকবল রয়েছে ১০০ রোগীর জন্য। এই লোকবল নিয়েই আমরা সেবা দিয়ে যাচ্ছি। শীত বাড়ার সাথে সাথে প্রতিবছরই শীত জনিত রোগীর সংখ্যা ব্যাপক বৃদ্ধি পায়। তবে রোগীর সংখ্যা আরও বৃদ্ধি পেলেও বর্তমান জনবল দিয়েই সর্বোচ্চ সেবা দেওয়ার প্রস্তুতি আমাদের আছে।’

মেহেরপুরে অসদাচরণের দায়ে শিক্ষক বহিষ্কৃত

মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের শিক্ষক মো: রকিবুল ইসলাম কে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছে। রকিবুল মেহেরপুর পৌর শহরের গোরস্থান পাড়ার মৃত রফিকুল ইসলামের ছেলে।

শনিবার ১৬ ডিসেম্বর তাকে বহিষ্কার করা হয়। জানা গেছে, বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানের আলোচনা সভায় উপস্থিত কর্মকর্তাদের সাথে অশালীন ও অসৌজন্যমূলক আচরন করায় শৃংখলা ভঙ্গের অভিযোগ এনে ইসলামিক ফাউন্ডেশন পরিচালিত মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম এর শিক্ষক মো: রকিবুল ইসলামকে বরখাস্ত করা হয়েছে।

ইসলামিক ফাউণ্ডেশনের মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের ফিল্ড সুপারভাইজার তাওহিদুল ইসলাম ও ফিল্ড অফিসার আবু রায়হানের স্বাক্ষরিত একটি চিঠিতে বহিষ্কারাদেশের বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে বিজয় দিবসের আলোচনা সভা

মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশন জেলা কার্যালয় কর্তৃৃক মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে বিজয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১৬ ডিসেম্বর) দুপুর ২টা ৩০ মিনিটের সময় মেহেরপুর জেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্রে ইসলামিক ফাউন্ডেশন আয়োজনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠান হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ পরিচালক এ জে এম সিরাজুম মূনীরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন।

এসময় স্বাগত বক্তব্য রাখেন ইসলামিক ফাউন্ডেশন ফিল্ড অফিসার আবু রায়হান ও আলোচক হিসেবে জেলা মডেল মসজিদের ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান বক্তব্য রাখেন।

আলোচনা সভায় শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেনার মাওলানা মোঃ আব্দুল হামিদ।

ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠাতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহীদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।